রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১২, ২০১৭

## ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৪/১১ সেপ্টেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.০৫২.০৭-৩২৯—প্রধান** প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নিম্নবর্ণিত ৫(পাঁচ) জন উপ-সহকারী পরিচালক-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত সহকারী পরিচালক পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী নবম গ্রেডের ২২,০০০—৫৩,০৬০ টাকা বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, পদবি ও পরিচিতি নম্বর |
|---|---|
| ১। | জনাব মোহাম্মদ আলম হোসাইন, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০২৪) |
| ২। | জনাব মোঃ আনোয়ার হোসেন, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০২৫) |
| ৩। | জনাব মুহাম্মদ শাফকাত নাওয়াজ রউফ, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০২৬) |
| ৪। | জনাব বুলবুল আহমেদ, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০২৭) |
| ৫। | জনাব মোঃ আনোয়ার হোসেন, উপ সহকারী পরিচালক (ব্যক্তিগত নম্বর ১০২৮) |

শর্তাবলি ঃ

(ক) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬-এর ৬(১)(খ) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণ যোগদানের তারিখ থেকে ১(এক) বছর শিক্ষানবিশ হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশকাল অনধিক ২(দুই) বছর বৃদ্ধি করতে পারবে;

(খ) শিক্ষানবিশকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে প্রত্যাবর্তন করতে পারবে;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে উল্লিখিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

২। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

প্রজ্ঞাপন

তারিখ: ৩ আশ্বিন ১৪২৪/১৮ সেপ্টেম্বর ২০১৭

**নং ২৩.০০.০০০০.০৭০.১১.০১৭.১১-৩৮৮—**প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-এর অধ্যাপক, ড. মোঃ মাহবুবুর রহমান (১০১০৩) ২(দুই) বছর শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁর যোগদানের তারিখ অর্থাৎ ২৩ অক্টোবর ২০১৪ তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ /১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.১১.০০৯.১৬-৪০৫**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ নৌবাহনীর নিম্ন সংগঠনের সাংগঠনিক কাঠামোভুক্ত ডেমনস্ট্রেটর (১০ম গ্রেড) পদে ১ (এক) জন এবং আর্টিস্ট (১২তম গ্রেড) পদে ১ (এক) জন বেসামরিক কর্মচারীর শূন্যপদে এ সংক্রান্ত বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রচলিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী যথাক্রমে দশম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ এবং ১২তম গ্রেড টাকা ১১৩০০-১১৮৭০-১৩১০০-১৩৭৬০-১৪৪৫০-১৫১৮০-১৫৯৪০-১৬৭৪০-১৭৫৮০-১৮৪৬০-১৯৩৯০-২০৩৬০-২১৩৮০-২২৪৫০-২৩৫৮০-২৪৭৬০-২৬০০০-২৭৩০০ বেতনস্কেল-এ নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত ২ (দুই) জনকে নিয়োগ প্রদান করা হল ঃ

| ক্রমিক নং | রোল নম্বর | নাম এবং পিতার নাম | নিজ জেলা | পদের নাম |
|---|---|---|---|---|
| ১। | ১ | নাম ঃ আফসানা আকবর, পিতা ঃ আকবর হোসেন, | ঢাকা | ডেমনস্ট্রেটর (১০ম গ্রেড) |
| ২। | ৫২ | নাম ঃ মোঃ জাকির হোসেন, পিতা ঃ মোঃ মোজাম্মেল হক | শেরপুর | আর্টিস্ট (১২তম গ্রেড) |

**শর্তসমূহ ঃ**

(ক) যোগদানের তারিখ থেকে তাঁরা ২ (দুই) বৎসর শিক্ষানবিশ থাকবেন এবং প্রয়োজনে এই সময়সীমা আরও ১ (এক) বৎসর বর্ধিত করা যাবে। শিক্ষানবিশ থাকাকালে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি থেকে অপসারণ করা যাবে;

(খ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হলে নিয়োগবিধিতে উল্লিখিত শর্তাদি পরিপালন সাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ী করা হবে;

(গ) তাঁদের চাকরি নৌবাহিনীর বেসামরিক কর্মকর্তা/কর্মচারীর জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী নিয়ন্ত্রিত হবে এবং নৌ সদর দপ্তর কর্তৃক তাঁদেরকে সরকারি স্বার্থে নৌবাহিনীর যে কোনো সংস্থায় নিয়োগ/বদলী করা যাবে;

(ঘ) যদি কখনও চাকরি থেকে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অন্যথায় ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে বাধ্য থাকবেন;

(ঙ) চাকরিতে যোগদানের জন্য তাঁরা কোনো টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(চ) চাকরিতে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

২। উপর্যুক্ত শর্তাবলি গ্রহণযোগ্য হলে, আগামী ০২ অক্টোবর ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ে তাঁদেরকে নৌবাহিনী সদর দপ্তর, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, বনানী, ঢাকা-১২১৩ এ যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল হিসেবে গণ্য হবে। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

৩। এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁদের চাকরি সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

তারিখ: ৬ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ /২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং প্রম/চাকরি বৃদ্ধি/২০১৫/ডি-৬/৪১০**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তার চাকরি নেভী রুল ১২ অনুযায়ী জনস্বার্থে তাঁর নামের পাশে উল্লিখিত ১(এক) বৎসর মেয়াদে অর্থাৎ ৫৯(ঊনষাট) বৎসর বয়সসীমা পর্যন্ত বর্ধিত করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ ৫৯ (ঊনষাট) বৎসর পর্যন্ত |
|---|---|---|
| ১। | রিয়ার এডমিরাল আবু মোজাফফর মহিউদ্দিন মোহাম্মদ আওরঙ্গজেব চৌধুরী, এনবিপি, ওএসপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি (পি নং ২১৮) | ২৮ সেপ্টেম্বর ২০১৭ থেকে ২৭ সেপ্টেম্বর ২০১৮ |

২। এ মন্ত্রণালয়ের ইতঃপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.০৬০.১৩.০০১.১৭.৩৪৬, তারিখ, ০৬ জুলাই ২০১৭ এতদ্বারা বাতিল হিসেবে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ৪ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ /১৯ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.২২০.১৪.০৪২.১৭-৫৫৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'উপকূলীয় এলাকায় জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলায় নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন জাহাইজ্জ্যার চর এলাকায় মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার নির্মাণ' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক বিএ-৫২৯২ লে: কর্ণেল মোহাম্মদ শফিউল আজম, পিএসসি, অধিনায়ক, ১২ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন-এর বদলীজনিত কারণে তাঁর পরিবর্তে বিএ-৫৯৩৪ লেঃ কর্ণেল মামুন-উর-রশিদ, পিএসসি, অধিনায়ক, ২ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে 'প্রকল্প পরিচালক' হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন**
সিনিয়র সহকারী প্রধান।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ আশ্বিন ১৪২৪/১৭ সেপ্টেম্বর ২০১৭

**নং প্রম/চা-৫/৯০/ডি-১১/১৪৮৮**—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্তকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর সংশ্লিষ্ট বিধি অনুসারে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মচারীদের চাকরি তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে নির্দেশক্রমে স্থায়ী করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মচারীর নাম ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | বর্তমান পদে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ ইনামুল হক<br>প্রশাসনিক কর্মকর্তা | ০৯ জুন ২০১৬ | ০৯ জুন ২০১৬ |
| ২। | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>প্রশাসনিক কর্মকর্তা | ০৯ জুন ২০১৬ | ০৯ জুন ২০১৬ |
| ৩। | বেগম কানিজ কুলসুম আরা ফাতেমা<br>প্রশাসনিক কর্মকর্তা | ০৯ জুন ২০১৬ | ০৯ জুন ২০১৬ |
| ৪। | জনাব মোঃ আবদুর রব<br>প্রশাসনিক কর্মকর্তা | ০৯ জুন ২০১৬ | ০৯ জুন ২০১৬ |
| ৫। | জনাব শুকচাঁন্দ আলী<br>প্রশাসনিক কর্মকর্তা | ০৯ জুন ২০১৬ | ০৯ জুন ২০১৬ |
| ৬। | বেগম রোকসানা আক্তার<br>ব্যক্তিগত কর্মকর্তা | ০৯ জুন ২০১৬ | ০৯ জুন ২০১৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আসমা মোজাম্মেল**
সিনিয়র সহকারী সচিব (ডি-১১)।